

# বলিউডে অর্ণব এখন আরও জনপ্রিয়



আজকালের প্রতিবেদন: বাঙালি তরুণ অর্ণব চক্রবর্তী তাঁর কণ্ঠের জাদুতে বলিউডকে মুগ্ধ করেছেন আগেই। এখন তিনি ক্রমশ আরও জনপ্রিয় হয়ে উঠেছেন তাঁর গায়কীর জন্য। 'ফ্যামিলি' ছবিতে অক্ষয়কুমার লিপ দিয়েছিলেন অর্ণব চক্রবর্তীর গানে। এ ছবিতে তিন তিনটি গান

গেয়েছেন অর্ণব। যা সম্ভব হয়েছে পরিচালক রাজকুমার সন্তোষীর জন্যে। রাজকুমার সন্তোষীরই আর এক ছবি 'খাকি'-তে প্রথম সুযোগ পেয়েছিলেন তিনি। সেখানে তাঁর গাওয়া একটি গান সুপারহিট হয়ে যায়। তারপরেই তিনি জি সিনে অ্যাওয়ার্ডে সেরা গায়কের পুরস্কারে পুরস্কৃত হন। এরপর আর

খুব বেশি ভাবেননি রাজকুমার সন্তোষী কিংবা 'খাকি' ও 'ফ্যামিলি'র সুরকার রাম সম্পত। 'ফ্যামিলি'তে তাঁর গাওয়া 'কতরা কতরা', 'জনম জনম', 'কুইব হোয়াইট' তিনটি গানেরই চরিত্র আলাদা। অর্ণব ভিন্নধর্মী তিনটি গানই দক্ষতার সঙ্গে গেয়ে নিজের যোগ্যতার আরও প্রমাণ

দিয়েছেন। ছায়াছবিতে প্লে-ব্যাকের পাশাপাশি বিজ্ঞাপন ও অ্যালবামের কাজেও অর্ণব এখন দারুণ ব্যস্ত। অর্ণব অবশ্য রি-মিক্স সঞ্চালনের গানও গেয়েছেন। তাঁর কাছে সব মাধ্যমেই গান গাওয়ার কাজটা চ্যালেঞ্জিং। ক্রমশ সাফল্যের মুখ দেখতে থাকা আজকের অর্ণবকে কিন্তু এই জায়গায় পরিশ্রম ও ধৈর্যের অধ্যায় পেরিয়ে আসতে হয়েছে। গৌতম মুখার্জি ও অচ্যুত ঠাকুরের ছাত্র অর্ণব যখন প্রথম কলকাতা থেকে মুম্বইতে এসেছিলেন তখন তাঁর সম্বল বলতে ছিল নিজের কণ্ঠস্বরে গাওয়া নামী গানের ডামি 'টেপ'। এভাবেই প্রথমে 'রি-মিক্স' থেকে বিজ্ঞাপনের কাজ, আঞ্চলিক ছবি হয়ে মেইনস্ট্রিম ছবিতে উত্তরণ। মাঝে চলেছে পেশাদারি প্রশিক্ষণ, যা তাঁকে আরও সংহত এবং ধারালো করে তুলেছে।